

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক শাখা

প্রজ্ঞাপন

ঢাকা, ১৫ সেপ্টেম্বর ২০১৫/ ৩১ ভাদ্র ১৪২২

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০০৬.০০২.১৪-১৫২ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বেতন বৈষম্য দূরীকরণ সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি নিম্নরূপভাবে পুনর্গঠন করিয়াছে :

(ক) কমিটির গঠন :

- | | |
|---|------------|
| (১) মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় | - আহ্বায়ক |
| (২) মন্ত্রী, শিল্প মন্ত্রণালয় | - সদস্য |
| (৩) মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয় | - সদস্য |
| (৪) মন্ত্রী/প্রতিমন্ত্রী, জনপ্রশাসন মন্ত্রণালয় | - সদস্য |
| (৫) মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় | - সদস্য |
| (৬) মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | - সদস্য |
| (৭) প্রতিমন্ত্রী, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয় | - সদস্য |

(খ) সহায়তাদানকারী কর্মকর্তাগণ :

- (১) মন্ত্রিপরিষদ সচিব
- (২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব/সচিব
- (৩) সিনিয়র সচিব, অর্থ বিভাগ
- (৪) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
- (৫) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব।

(গ) কমিটির কার্যপরিধিঃ

- (১) জাতীয় বেতন স্কেল বাস্তবায়নের লক্ষ্যে অনিষ্পন্ন কেইসসমূহের পর্যালোচনা;
 - (২) বেতন স্কেলে বৈষম্যের বিষয়ে প্রাপ্ত অভিযোগসমূহ পরীক্ষা-নিরীক্ষান্তে এইগুলি নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশ প্রদান; এবং
 - (৩) এতদসংশ্লিষ্ট অন্যান্য বিষয় পর্যালোচনান্তে সুপারিশ প্রদান।
- ২। অর্থ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।
- ৩। কমিটির বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হইবে।
- ৪। মন্ত্রিপরিষদ বিভাগের ২৪/০৪/২০১৪ তারিখের ০৪.০০.০০০০.৬১১.০০৬.০১৯.১৪-৭৯ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত বেতন বৈষম্য দূরীকরণ সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি এতদ্বারা বাতিল বলিয়া গণ্য হইবে।
- ৫। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে



(মোঃ মোস্তাফিজুর রহমান)

অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)

ফোনঃ ৯৫১১০৩৬

উপপরিচালক

বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস

তেজগাঁও, ঢাকা [বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায়

প্রজ্ঞাপনটি অতিরিক্ত গেজেট আকারে প্রকাশ করিয়া ২০০(দুইশত)

কপি জরুরি ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ জানানো হইল]